পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
সিমলাপাল সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
সিমলাপাল , বাঁকুড়া

স্মারক সংখ্যা :- 437/আই,সি,ডি,এস/সিম তারিখ :-০৩/১২/২০২০

বিজ্ঞপ্তি

পদোন্নতির মাধ্যমে অঙ্গনওয়াড়ী কর্মী (AWW) শূন্য পদ পূরণের জন্য প্যানেল তৈরীর উদ্দেশ্যে সিমলাপাল আই, সি, ডি, এস প্রকল্পে বর্তমানে কর্মরতা ও নিম্নে উল্লিখিত যোগ্যতা সম্পন্না অঙ্গনওয়াড়ী সহায়িকাদের (AWH) কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে ।

শূন্যপদ বিবরণ :-

আই. সি. ডি. এস প্রকল্পের নাম	শূন্যপদের বিভাজন		
	UR	SC	মোট
সিমলাপাল	01	01	02

যোগ্যতাবলী :-

১। প্রার্থীকে অবশ্যই সিমলাপাল ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে ।

২। প্রার্থীকে অন্ততঃ পাঁচ বছর নিরবিচ্ছিন্ন ভাবে সিমলাপাল আই, সি, ডি, এস প্রকল্পে অঙ্গনওয়াড়ী সহায়িকা হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে ।

৩। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ।

৪। বয়স সীমা ৬৫ বছরের মধ্যে হতে হবে ।

৫। বয়স ও শিক্ষাগত যোগ্যতা হিসাব করতে হবে ০৩/১২/২০২০ তারিখ অনুযায়ী ।

দরখাস্ত পূরণের নিয়মাবলী :-

১) বিজ্ঞপ্তির সঙ্গে আবেদন পত্রের নমুনা দেওয়া হল এই নমুনা অনুযায়ী আবেদন করতে হবে । নমুনা আবেদন পত্রের ফটোকপি করে তাতে আবেদন করলে তা গ্রাহ্য করা হবে । উপরোক্ত সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি বাঁকুড়া জেলার ওয়েবসাইটে (www.bankura.gov.in) পাওয়া যাবে ।

উৎসাহী সহায়িকারা পরিষ্কার সাদা কাগজে নিজ হস্তে এই দরখাস্ত পূরণ করে অফিসে কাজের দিনগুলিতে ৪ই ডিসেম্বর ২০২০ থেকে আগামী ২১শে ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সকাল ১১টা থেকে বৈকাল ৩টার মধ্যে জমা দিবেন ।

জমা দেওয়ার স্থান :- শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ (সি.ডি.পি.ও), সিমলাপাল আই. সি.ডি. এস, প্রকল্পের অফিসে ।

২) দরখাস্তের সঙ্গে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে এবং যা করণীয় :

ক) অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নিয়োগ পত্রের প্রত্যয়িত নকল ।

খ) বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের প্রত্যয়িত নকল ।

গ) স্থানীয় পঞ্চায়েত, প্রধান, বি,ডি,ও, সিমলাপাল ব্লক, সভাপতি-সিমলাপাল পঞ্চায়েত সমিতি, স্থানীয় বিধায়ক বা মহকুমা শাসকের দেওয়া বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র (জেরক্স কপি গ্রাহ্য হবে না)

ঘ) দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সাঁটা নিজের সাম্প্রতিককালের একটি পাসপোর্ট সাইজের ছবি । অতিরিক্ত আরও একটি ছবি জমা দিতে হবে ও তার পিছনে নিজের স্বাক্ষর থাকতে হবে ।

ঙ) নিজের নাম ঠিকানা লেখা ও পাঁচ টাকা মূল্যের একটি ডাক টিকিট যুক্ত একটি খাম দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে ।

চ) তপঃ জাতি/তপঃ উপজাতি/ওবিসি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল শংসাপত্র যাহা মহকুমা শাসক দ্বারা জারি করা হতে হবে ।

ছ) নিজের হাতে পূরণ করা দরখাস্ত এবং উপরে উল্লিখিত সমস্ত নথিপত্র একটি খামে ভরে অফিসে জমা দিতে হবে । খামের উপর লিখতে হবে - **অঙ্গনওয়াড়ী কর্মী পদে পদোন্নতির জন্য আবেদন** । যে গ্রাম পঞ্চায়েতে ও যে কেন্দ্রে বর্তমানে সহায়িকা হিসাবে কর্মরতা আছেন তার নাম ও কেন্দ্রের কোড্ নম্বর জমা দেওয়া খামের উপর উল্লেখ করবেন ।

পরের পাতা

Scanned by TapScanner

নিয়োগ প্রক্রিয়া :

আবেদনপত্র যাচাইকরনের পর **বৈধ প্রার্থীদের** লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । প্রার্থী বাছাই ও প্যানেল তৈরীর জন্য মোট ৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে । ৩৫নম্বরের লিখিত পরীক্ষা , ৫নম্বরের মৌখিক পরীক্ষা এবং কাজের অভিজ্ঞতার জন্য ১০নম্বর।

লিখিত পরীক্ষার বিষয় নিম্নরূপ :-

পাটিগণিত	- ১০ নম্বর
ইংরাজী	- ১০ নম্বর
পুষ্টি, জনস্বাস্থ্য ও মহিলা সংক্রান্ত বিষয়	- ১০ নম্বর
সাধারণ জ্ঞান	- ৫ নম্বর
	মোট - ৩৫ নম্বর

আবেদনপত্র বাতিলের কারণ সমূহ :-

১) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ এবং সময় অতিক্রম হওয়ার পরে জমা পড়লে ।
২) আবেদনপত্র অসম্পূর্ণ এবং সঠিক নির্দেশ অনুযায়ী না থাকলে ।
৩) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং বয়স যদি ০৩/১২/২০২০ অনুযায়ী প্রযোজ্য না হয় ।
৪) একই আবেদনকারীর দ্বারা একাধিক আবেদনপত্র জমা পড়লে ।
৫) আবেদনপত্রে সাম্প্রতিক কালের রঙিন ফটো না থাকলে ।
৬) আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর এবং ঘোষণাপত্র সংযুক্ত না থাকলে ।
৭) উপযুক্ত নথিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত না থাকলে ।
৮) অন্যান্য যে কোন অমিল যদি স্কুটনির সময় পাওয়া যায় সেক্ষেত্রে আবেদনকারীর প্রার্থীপদ খারিজ হতে পারে।
৯) অসম্পূর্ণ আবেদন পত্র সম্পূর্ণরূপে অগ্রাহ্য ।
১০) ফটো, শংসাপত্র, ডাকটিকিট যুক্ত খাম, ইত্যাদি না থাকলে এবং অসম্পূর্ণ ও অপরিচ্ছন্ন দরখাস্ত বাতিল করা হবে ।

সাধারণ শর্তাবলী

ক) প্যানেলে নাম নথিভুক্ত হওয়াই অঙ্গনওয়াড়ী কর্মী পদে পদোন্নতির নিশ্চয়াতা নয় ।
খ) নির্বাচিত প্রার্থীদের কর্মীপদে যোগদানের পূর্বে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে ইস্তফা দিতে হবে ।
গ) অঙ্গনওয়াড়ী কর্মী পদে চাকরি সরকারী চাকরি নয় । এটি সম্পূর্ণরূপে অস্থায়ী ।
ঘ) অঙ্গনওয়াড়ী কর্মী হিসাবে সিমলাপাল ব্লকের যে কোন কেন্দ্রে নিয়োগ হতে পারে ।
ঙ) প্রত্যেক প্রার্থীকে লিখিত এবং মৌখিক পরীক্ষা উভয়েই উপস্থিত থাকা বাধ্যতামূলক । নতুবা তাঁর প্রার্থীপদ বাতিল বলিয়া গন্য হবে ।
চ) আবেদনপত্র যাচাই এবং পরীক্ষা করার পর বৈধ আবেদনকারীদের নাম www.bankura.gov.in -এই ওয়েবসাইটে এবং সি.ডি.পি.ও, আফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত করা হবে ।
ছ) লিখিত এবং মৌখিক পরীক্ষার সয়মসূচী www.bankura.gov.in -এই ওয়েবসাইটে এবং সি.ডি.পি.ও, অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত করা হবে ।
জ) সমস্ত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় যাচাই করা হবে ।
ঝ) কোনো TA / DA লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য দেওয়া হইবে না ।
ঞ) নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোনো.প্রার্থীর উত্তীর্ণতা সম্পূর্ণরূপে অস্থায়ী (Provisional) এবং উল্লিখিত শর্তাবলী সাপেক্ষ।
ট) যে কোন সময়ে পরীক্ষার ধরন পরিবর্তনকরণ অথবা পুনরায় ইনটারভিউ-করণ অথবা নিয়োগপ্রক্রিয়াটির কোনো ধাপ অথবা সমগ্র নিয়োগ প্রক্রিয়াটি বাতিলকরণের অধিকার সম্পূর্ণ রূপে কমিটির হাতে ন্যাস্ত থাকিবে ।
ঠ) সরকারী নির্দেশ ও আইন অনুযায়ী সংরক্ষিত শূন্যপদ সংখ্যা পরিবর্তিত হতে পারে, এ বিষয়ে সংশ্লিষ্ট কতৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। এই নিয়ুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যান বিভাগের সংশ্লিষ্ট সকল আদেশনামা এবং সংরক্ষনের ক্ষেত্রে ৫০পয়েন্ট রোস্টার সংক্রান্ত সরকারী আদেশনামা প্রযোজ্য।

03/12/2020

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
.সিমলাপাল সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
সিমলাপাল, বাঁকুড়া

সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
সিমলাপাল, বাঁকুড়া

Scanned by TapScanner

দরখাস্তের বয়ান

প্রতি
সি.ডি.পি.ও
সিমলাপাল আই.সি.ডি.এস প্রকল্প
বাঁকুড়া

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ছবি

বিষয় :- পদোন্নতির মাধ্যমে অঙ্গনওয়াড়ী কর্মী হিসাবে নিয়োগ ।

১। অঙ্গনওয়াড়ী সহায়িকার নাম: --

২। বর্তমানে যে অঙ্গনওয়াড়ী কেন্দ্রে সহায়িকা হিসাবে :-----------------------------------

কর্মরতা সেই কেন্দ্রের নাম ও কোড নং এবং :-----------------------------------

গ্রাম পঞ্চায়েতের নাম : :-----------------------------------

৩। বর্তমানে স্থায়ী বাসস্থানের ঠিকানা :

গ্রাম:-----------------------------------

পোষ্ট :-----------------------------------

ব্লক :-----------------------------------

জেলা :-----------------------------------

পিন নং -

৪। শিক্ষাগত যোগ্যতা (০৩/১২/২০২০)তারিখ অনুযায়ী :-

পরীক্ষার নাম	বোর্ডের নাম	নিয়মিত/ অনিয়মিত কোর্স	কোন বছরে উত্তীর্ণ	ডিভিশন / গ্রেড

৫। বয়স (০৩/১২/২০২০) তারিখ অনুযায়ী :-----------------------------------

৬। জাতি (Cast) :-----------------------------------

প্রার্থীর স্বক্ষর

ঘোষনাপত্র

উপরে উল্লিখিত সকল বিবরণ আমার সজ্ঞানে সত্য, যদি কোনো ভুল বা জালিয়াতি পরে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রক্রিয়া শেষ হওয়ার পরে বা আমার কর্মরত অবস্থায় প্রমাণিত হয় সেই ক্ষেত্রে কোনো পূণরায় বিজ্ঞপ্তি ছাড়াই আমার কর্মপদ বাতিল করার অধিকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকিবে ।

প্রার্থীর স্বাক্ষর

তারিখ:-

Scanned by TapScanner